উপজেলা পরিষদ
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আয়নুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
তারিখ ও সময় : ৩১ জুলাই ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা।

পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব এম. সাজ্জাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১. প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
০২. স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
০৩. কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বোরো আবাদের লক্ষমাত্র ৯৭০০ হে. । বীজতলার কাজ চলমান। এ মৌসুমে রোপা আমনের আবাদ বৃদ্ধির লক্ষ্যে পর্যাপ্ত সারের মজুদ রয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৪. স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, হাট-বাজার খাত হতে তেলিগাতী বাজারের সিসি রাস্তা ও সিসি ক্যামের স্থাপন প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বিল বাবদ ৭,৯৯৬/- টাকা পরিশোধের জন্য আলোচনা করা হয়। উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বাসাবাড়ি, অফিস ও উপজেলা চত্বর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনাব সেকুল মিয়া, পিতা: ইসকান্দর মিয়া, আটপাড়া, নেত্রকোণাকে জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বাসাবাড়ি ও অফিস গুলো হতে অর্থ উত্তোলিন করে পরিচ্ছন্নতা কর্মী হিসেবে নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	০১. বিস্তারিত আলোচনান্তে হাট-বাজার খাত হতে তেলিগাতী বাজারের সিসি রাস্তা ও সিসি ক্যামের স্থাপন প্রকল্পের টেন্ডার বিজ্ঞপ্তি বিল বাবদ ৭,৯৯৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব হতবিল হতে পরিশোধের অনুমোদনরের সিদ্ধান্ত গৃহিত হয়। ০২. উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বাসাবাড়ি ও অফিস গুলো হতে বর্জ্য ব্যবস্থাপনা বাবদ উত্তোলিত অর্থ জমা প্রদনের জন্য একটি ব্যাংক হিসাব খোলে এবং তা হতে মাসিক ৪,৫০০/-(চার হাজার পাচঁশত) টাকা ভিত্তিতে পরিচ্ছন্নতা কর্মী হিসেবে জনাব সেকুল মিয়া, পিতা: ইসকান্দর মিয়া, আটপাড়া, নেত্রকোণাকে নিয়োগের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। ০২. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। ০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।
০৫. পরিবার পরিকল্পনা বিভাগ: পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।
০৬. মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সরকারের নির্দেশে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয় ও মাদরাসাসমূহের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। তিনি আরো জানান যে, তার দপ্তরের ডিজিটাল শিক্ষা ভাবনে সুপেয় পানির অভাব রয়েছে। তিনি সাময়িক ব্যবস্থা হিসেবে উক্ত ভাবনের পাশে জোড়া ওয়াসরুমের সাবমার্সিবল পাম্পের পানির লাইনটি উক্ত ভাবনের পানির ট্যাংকের সাথে সংযুক্ত করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	অ্যবহৃত জোড়া ওয়াশরুমের সাথে সংশ্লিষ্ট সাবমারসিবল পানির লাইনটি শিক্ষা ভবনের পানির ট্যাংকের সাথে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধা গৃহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।

০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, বন্যা আশ্রয়ন কেন্দ্র হিসাবে নির্বাচিত বিদ্যালয়গুলোর অবস্থা বর্তমানে সময় মোবাবেলায় প্রস্তুত রাখা হয়েছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুমতি প্রদান কার্যক্রম চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে	উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৮. **ব্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, তিনটি ইউনিয়নের পানির উচ্চতা বিপদসীমার নিচে রয়েছে, পানি নেমে যাওয়ার সাথে সাথে ত্রাণ বিতরণ শুরু হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা।
০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের শুরুতেই বিভিন্ন কার্যক্রমের উপকারভোগীদের সশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন করার জন্য নির্দেশনা পেয়েছে। এ কার্যক্রম সফল করার জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। চলতি মাসে ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির আওতায় ০২ (দুই) জন ভিক্ষুককে পুনর্বাসিত করা হয়েছে। তিনি আরো জানান যে, নতুন বরাদ্দের তুলনায় ভাতা প্রত্যাশী আবেদনকারী বেশি হওয়ায় সময়মত অনেকেই ভাতা কার্যক্রমে অন্তর্ভুক্ত করা সম্ভব হয় না বিধায় ভাতা ভোগীদের মধ্যে কেউ মারা গেলে সাথে সাথে মৃত্যু নিবন্ধন পূর্বক উপজেলা সমাজসেবা কার্যালয়ে অবহিত করার জন্য উপজেলা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা। ২. চেয়ারম্যান .....(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া।
১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ন প্রকল্প থেকে চলতি মাসে মোট ৩৫৬০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ১১৭০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৩৫০/- টাকা আদায় করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা।
১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায়, ১২ আগস্ট আন্তর্জাতিক যুব বিদস আয়োজন সম্পর্কে সকলকে অবগত করেন। এছাড়া প্রশিক্ষণ, ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা ০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা।
১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ বছরে মোট ৬৩.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৬১.০০ লক্ষ টাকা আদায় হয়েছে। নতুন সদস্য ভর্তী জয় ৫০ জন। অসচ্ছল মুক্তিযোদ্ধা মাঝে ঋণ বিতরণ কর হয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা।
১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা
১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল** সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোণা।
১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান প্রকল্পের কার্যক্রমন ২০২১-২০২২ অর্থবছরের বাস্তবায়িত INF- ২০২১-২২-৪৫৭২০৪-০২ ও -INF৬ ২০২১-২২-৪৫৭২০৪-০৩ প্রকল্পের কার্যক্রম বিল প্রকল্প কার্যক্রম হতে অনুমোদিত হয়েছে এবং বাস্তবায়িত কার্যক্রম মনিটরিং করা হচ্ছে নিয়মিত এ ছাড়া সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি)
১৭. **বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা।

১৮. **খাদ্য বিভাগ:** কর্মকর্তা জানান যে, চলতি খরিফ মৌসুমে ধান এবং চাল চলমান রয়েছে। ধান সংগ্রহ ৬,১৯,৯৯৯ মে টন। সংগ্রহ ৭৩১.৬১০ মে টন। সংগ্রহ কার্যক্রম ১৫ই জুলাই/২০২৪ খ্রাঃ তারিখ পর্যন্ত। এছাড়া বিতরণের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
১৯. **তথ্য আপা প্রকল্প:** তথ্যাপেক্ষা কর্মকর্তা জানান যে, ০১ (এক) টি ৩৩ আই জি পি.টি.সি. ভরা পিপোলিয়া রয়েছে। সংযোগ ও সুষ্ঠু পরিবেশ রক্ষণাবেক্ষণ সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে।	তথ্যাপেক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।

পরিশেষে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪-৫০০

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১
৩১ জুলাই ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা .....অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব .....

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা